রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৮, ২০১৫

## ৩য় খণ্ড

## প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

**[একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ চৈত্র ১৪২১/৬ এপ্রিল ২০১৫

**নং প্রম/নি-১/২০০৭/ডি-৪/অংশ-১/১২০**—নির্দেশক্রমে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ১৯ অক্টোবর ২০১৪ তারিখের ৮০.১০৩.০৩৬.০০.০০.০০১.২০১৪-১৬৩ সংখ্যক পত্রের মাধ্যমে সুপারিশকৃত বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ১ম শ্রেণীর 'সহকারী আবহাওয়াবিদ' পদে সরাসরি নিয়োগের জন্য মনোনয়নকৃত এবং পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্য পরীক্ষার সনদ প্রাপ্তির পরিপ্রেক্ষিতে সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাসহ জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ (৯ম গ্রেড) বেতনক্রমে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের 'সহকারী আবহাওয়াবিদ' পদে জনাব মোঃ শফিকুল ইসলামকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হল :

(ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। চাকুরিতে যোগদানের তারিখ থেকে ২(দুই) বছর তিনি শিক্ষানবিস থাকবেন। শিক্ষানবিসকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকুরির রেকর্ডের ভিত্তিতে তাঁকে নিয়মিত করা হবে। প্রয়োজনবোধে এ সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা হবে। শিক্ষানবিসকালের মধ্যে তাঁর কাজকর্ম সন্তোষজনক বিবেচিত না হলে কর্তৃপক্ষ তাঁর নিয়োগ বাতিল করতে পারবেন;

(খ) তাঁকে আবহাওয়া অধিদপ্তর কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত প্রশিক্ষণ কর্মসূচীতে সফলতার সাথে উত্তীর্ণ হওয়ার উপর তাঁর চাকুরিতে বহাল থাকা, ভবিষ্যৎ পদোন্নতি এবং স্থায়ী হওয়া নির্ভর করবে;

(গ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিসকালে অথবা চাকুরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে নিয়োগ বাতিল করতে পারেন;

(ঘ) বাংলাদেশের ভেতরে বা বাইরে আবহাওয়া অধিদপ্তরের কোন অফিস থাকলে/খোলা হলে এবং অস্থায়ীভাবে বদলি করা হলে কোন অতিরিক্ত পারিশ্রমিক ব্যতিরেকে তিনি কাজ করতে বাধ্য থাকবেন;

(ঙ) বাংলাদেশ কর্ম কমিশনের সুপারিশে বর্ণিত মেধাক্রম অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে; এবং

(চ) পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে।

২। চাকরিতে যোগদানের পূর্বে তাঁকে নিম্নবর্ণিত প্রমাণকসমূহ দাখিল করতে হবে:

(ক) ১ম শ্রেণীর ২ জন গেজেটেড কর্মকর্তার নিকট থেকে প্রত্যয়নকৃত চারিত্রিক সনদপত্র (২ কপি)।

(খ) এসএসসিসহ সকল উচ্চতর পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত অনুলিপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

(গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদানকৃত স্থায়ী বাসভূমি প্রমাণের সনদপত্র।

৩। উল্লিখিত শর্তাবলীতে সম্মত হলে পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর বরাবর যোগদান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিম বানু**
সিনিয়র সহকারী সচিব।

**[একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ চৈত্র ১৪২১/৬ এপ্রিল ২০১৫

**নং প্রম/নি-১/২০০৭/ডি-৪/অংশ-১/১২১**—নির্দেশক্রমে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ১৯ অক্টোবর ২০১৪ তারিখের ৮০.১০৩.০৩৬.০০.০০.০০১.২০১৪-১৬৩ সংখ্যক পত্রের মাধ্যমে সুপারিশকৃত বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ১ম শ্রেণীর 'সহকারী আবহাওয়াবিদ' পদে সরাসরি নিয়োগের জন্য মনোনয়নকৃত এবং পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্য পরীক্ষার সনদ প্রাপ্তির পরিপ্রেক্ষিতে সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাসহ জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ (৯ম গ্রেড) বেতনক্রমে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের 'সহকারী আবহাওয়াবিদ' পদে রাহেলা বেগমকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হল :

(ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। চাকুরিতে যোগদানের তারিখ থেকে ২(দুই) বছর তিনি শিক্ষানবিস থাকবেন। শিক্ষানবিসকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকুরির রেকর্ডের ভিত্তিতে তাঁকে নিয়মিত করা হবে। প্রয়োজনবোধে এ সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা হবে। শিক্ষানবিসকালের মধ্যে তাঁর কাজকর্ম সন্তোষজনক বিবেচিত না হলে কর্তৃপক্ষ তাঁর নিয়োগ বাতিল করতে পারবেন;

(খ) তাঁকে আবহাওয়া অধিদপ্তর কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত প্রশিক্ষণ কর্মসূচীতে সফলতার সাথে উত্তীর্ণ হওয়ার উপর তাঁর চাকুরিতে বহাল থাকা, ভবিষ্যৎ পদোন্নতি এবং স্থায়ী হওয়া নির্ভর করবে;

(গ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিসকালে অথবা চাকুরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে নিয়োগ বাতিল করতে পারেন;

(ঘ) বাংলাদেশের ভেতরে বা বাইরে আবহাওয়া অধিদপ্তরের কোন অফিস থাকলে/খোলা হলে এবং অস্থায়ীভাবে বদলি করা হলে কোন অতিরিক্ত পারিশ্রমিক ব্যতিরেকে তিনি কাজ করতে বাধ্য থাকবেন;

(ঙ) বাংলাদেশ কর্ম কমিশনের সুপারিশে বর্ণিত মেধাক্রম অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে; এবং

(চ) পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে।

২। চাকরিতে যোগদানের পূর্বে তাঁকে নিম্নবর্ণিত প্রমাণকসমূহ দাখিল করতে হবে:

(ক) ১ম শ্রেণীর ২ জন গেজেটেড কর্মকর্তার নিকট থেকে প্রত্যয়নকৃত চারিত্রিক সনদপত্র (২ কপি)।

(খ) এসএসসিসহ সকল উচ্চতর পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত অনুলিপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

(গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদানকৃত স্থায়ী বাসভূমি প্রমাণের সনদপত্র।

৩। উল্লিখিত শর্তাবলীতে সম্মত হলে পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর বরাবর যোগদান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিম বানু**
সিনিয়র সহকারী সচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ ফাল্গুন ১৪২১/২২ ফেব্রুয়ারি ২০১৫

**নং প্রম/স্বেঃকমিঃ/১১/ডি-৭/২০৮**—বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার উম্মে সালমা (বিডি/৮৯৭৬), এটিসি-কে বিমান বাহিনী অ্যাক্ট রুল-২০ অনুযায়ী স্বেচ্ছামূলক অবসর প্রদান করা হলো।

২। তিনি প্রচলিত বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাদি পাবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল করিম**
উপসচিব।

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ চৈত্র ১৪২১/৯ এপ্রিল ২০১৫

**নং প্রম/স্বেঃঅবঃ/১৩/ডি-৭/২৪৬**—বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার লতিকা খন্দকার (বিডি/৯০৪৭), এডমিন-কে বিমান বাহিনী অ্যাক্ট রুল-২০ অনুযায়ী স্বেচ্ছামূলক অবসর প্রদান করা হলো।

২। তিনি প্রচলিত বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাদি পাবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল করিম**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০২ বৈশাখ ১৪২২/১৫ এপ্রিল ২০১৫

**নং প্রম/মিস্ট/১নি-১/০৮/ডি-৭/২৫২**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি)-এর নিম্নবর্ণিত ২ (দুই) জন 'ল্যাবরেটরী সহকারী'কে জাতীয় বেতন স্কেল ২০০৯ এর টাকা ৮০০০-১৬৫৪০ (১০ম গ্রেড) বেতন স্কেলে ২য় শ্রেণীর ল্যাবরেটরী (টেকনিক্যাল) পদে পদোন্নতি প্রদান করা হলো :

(১) মোঃ বিল্লাল হোসেন, ব্যক্তিগত নম্বর-৩১৯২৭

(২) উত্তম কুমার, ব্যক্তিগত নম্বর ৩১৯২৫

**শর্তাবলী :**

(ক) মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজির (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ অনুযায়ী কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ১ (এক) বছরের জন্য শিক্ষানবিস হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকালের মেয়াদ ২ (দুই) বছর বর্ধিত করতে পারবেন;

(খ) শিক্ষানবিসকালে তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁদের পূর্বপদে প্রত্যাবর্তন করাতে পারবেন;

(গ) শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপ্তির পর নিয়োগ বিধিমালার ৬(৪) বিধান অনুসারে তাঁদের পদোন্নতিপ্রাপ্ত পদে স্থায়ীকরণের বিষয়টি বিবেচিত করা হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ৬ বৈশাখ ১৪২২/১৯ এপ্রিল ২০১৫

**নং প্রম/স্বেঃঅবঃ/১৩/ডি-৭/২৫৫**—বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার মোহাম্মদ রাশেদুল আমীন (বিডি/৮৭৮১), জিডি(পি)-কে বিমান বাহিনী অ্যাক্ট রুল-২০ অনুযায়ী স্বেচ্ছামূলক অবসর প্রদান করা হলো।

২। তিনি প্রচলিত বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাদি পাবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং প্রম/বাসকা/অবঃছুটি/১০/ডি-৭/২৫৭**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানার নিম্নবর্ণিত ২(দুই) জন কর্মকর্তাকে এসএসসি সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুসারে তাঁদের চাকরিকাল ৫৯ বছর পূর্ণ হওয়ায় ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১) বি ii ধারা ও The Public Servants (Retirement) (Amendment) Act, 2010-এর অনুচ্ছেদ-৩ অনুযায়ী ১(এক) বছর অবসরোত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হলো :

| ক্রঃ নং | পদবী, ব্যক্তিগত নম্বর ও নাম | জন্ম তারিখ | অবসর গ্রহণের তারিখ | পিআরএল এ গমনের তারিখ | পিআরএল শেষ হওয়ার তারিখ |
|---|---|---|---|---|---|
| (১) | সহকারী প্রকৌশলী, ব্যক্তিগত নম্বর-১০৬২ খুরশীদ আহমেদ মোল্ল্যা | ০১-০১-৫৬ | ৩১-১২-১৪ | ০১-০১-১৫ | ৩১-১২-১৫ |
| (২) | সহকারী ব্যবস্থাপক, ব্যক্তিগত নম্বর-১০৪৭ মোঃ শফিউর রহমান | ০১-০২-৫৬ | ৩১-০১-১৫ | ০১-০২-১৫ | ৩১-০১-১৬ |

২। কর্মকর্তাগণ অর্থ বিভাগের ০৬ এপ্রিল ২০১০ তারিখে জারিকৃত অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী অবসর এবং পিআরএলকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ, ৮ বৈশাখ ১৪২২/২১ এপ্রিল ২০১৫

**নং প্রম/পদক-১/১৩/ডি-৭/২৬০**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত ৩৬ (ছত্রিশ) জন সদস্যকে শান্তিকালীন সময়ে তাঁদের বীরত্বপূর্ণ/সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ পদক, এককালীন অনুদান ও ভাতা প্রদানে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো :

| ক্রঃ নং | পদবী, নাম ও শাখা | পদকের নাম | এককালীন অনুদান | মাসিক ভাতার পরিমাণ |
|---|---|---|---|---|
| (১) | এয়ার কমডোর মোঃ আবুল বাশার, (বিডি/৭৪০২), জিডি(পি) | অসামান্য সেবা পদক (OSP) | ১,২৫,০০০/- | ২,০০০/- |
| (২) | এয়ার কমডোর আনিসুর রহমান, (বিডি/৭৪০৩), জিডি(পি) | | | |
| (৩) | এয়ার কমডোর এম আনোয়ারুল হক সরদার, (বিডি/৭৪০৮), জিডি(পি) | | | |
| (৪) | এয়ার কমডোর মোঃ হুমায়ুন কবীর, (বিডি/৭৯৬১), জিডি(পি) | বিশিষ্ট সেবা পদক (BSP) | ১,১৫,০০০/- | ১,৮০০/- |
| (৫) | এয়ার কমডোর সাইফ সিদ্দিকী, (বিডি/৭৭৩০), জিডি(পি) | | | |
| (৬) | এয়ার কমডোর এম হাবিব আহসান খান, (বিডি/৭৯৬৫), জিডি(পি) | | | |
| (৭) | এয়ার কমডোর মোঃ আল-আমীন তালুকদার, (বিডি/৭৩৫৪), এডমিন | | | |
| (৮) | এয়ার কমডোর এএইচএম ফজলুল হক, (বিডি/৭৯৫৭), জিডি(পি) | | | |
| (৯) | এয়ার কমডোর একেএম আহসানুল হক, (বিডি/৭৫২৩), এডিডব্লিউসি | | | |
| (১০) | এয়ার কমডোর এম মর্তুজা কামাল, (বিডি/৭৯০৫), জিডি(পি) | গৌরবোজ্জ্বল উড্ডয়ন পদক (GUP) | ১,০০,০০০/- | ১,৭০০/- |
| (১১) | এয়ার কমডোর এএসএম ফখরুল ইসলাম, (বিডি/৮২১৯), জিডি(পি) | | | |
| (১২) | উইং কমাঃ সাদিকুর রহমান চৌধুরী, (বিডি/৮৪৫৪), জিডি(পি) | | | |
| (১৩) | উইং কমাঃ মোঃ হাসানুজ্জামান, (বিডি/৮৪৫৮), জিডি(পি) | | | |
| (১৪) | উইং কমাঃ মোহাঃ মাহফুজুর রহমান, (বিডি/৮৫২৬), জিডি(পি) | | | |
| (১৫) | উইং কমাঃ মোঃ আসাদুজ্জামান চৌধুরী, (বিডি/৮৫৪৮), জিডি(পি) | | | |
| (১৬) | এয়ার কমডোর মোঃ কামরুল এহসান, (বিডি/৭৯৭৯), ইঞ্জঃ | বিমান উৎকর্ষ পদক (BUP) | ৮৫,০০০/- | ১,৬০০/- |
| (১৭) | এয়ার কমডোর সৈয়দ মোহাম্মদ গোলাম ইয়াজদানী, (বিডি/৭৭৪৬), ইঞ্জ | | | |
| (১৮) | গ্রুপ ক্যাপ্টেন কাজী মাজাহারুল করিম, (বিডি/৮২৩০), জিডি(পি) | | | |
| (১৯) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূঁইয়া, বিডি/৮৩০৬), জিডি(পি) | | | |
| (২০) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ শাহজাহান, (বিডি/৮৩১৪), ইঞ্জ | | | |
| (২১) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ অহেদুজ্জামান, (বিডি/৮৩১৬), ইঞ্জঃ | | | |
| (২২) | গ্রুপ ক্যাপ্টেন এস এম নাজমুল আনাম, (বিডি/৮৪২৯), জিডি(পি) | | | |
| (২৩) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ রেয়াদাদ হোসেন, (বিডি/৮৩৬২), এডিডব্লিউসি | | | |
| (২৪) | উইং কমাঃ মোঃ আতাউর রহমান মোল্যা, (বিডি/৮৪৬৯), লিগ্যাল | | | |
| (২৫) | বিডি/৪৬০৮৭৯ ওঃঅঃ এম আরিফুল ইসলাম, ইঞ্জিন ফিটার | | | |
| (২৬) | এয়ার কমডোর এসএম শাহনেওয়াজ, (বিডি/৭৯১২), জিডি(এন) | বিমান পারদর্শিতা পদক (BPP) | ৭৫,০০০/- | ১,৫০০/- |
| (২৭) | গ্রুপ ক্যাপ্টেন রুসাদ দীন আছাদ, (বিডি/৮২৬৯), জিডি(পি) | | | |
| (২৮) | গ্রুপ ক্যাপ্টেন মাখলুকার রহমান খান, (বিডি/৮২৯২), শিক্ষা | | | |
| (২৯) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মাহবুব জাহান খাঁন, (বিডি/৮২৯৩), মেট | | | |
| (৩০) | উইং কমাঃ মোঃ আতিকুজ্জামান শিকদার, (বিডি/৮৩১২), ইঞ্জ | | | |
| (৩১) | উইং কমাঃ মোঃ শরীফ মোস্তফা, (বিডি/৮৪৯১), জিডি(পি) | | | |
| (৩২) | উইং কমাঃ মোঃ রাফিউল হক, (বিডি/৮৪১৭), এডিডব্লিউসি | | | |
| (৩৩) | উইং কমাঃ মোঃ মোফাজ্জল হুসাইন, (বিডি/৮৪৩৯), এডমিন | | | |
| (৩৪) | বিডি/৪৫৯৬৫৭ মাঃওঃঅঃ সৈয়দ লিয়াকত হোসেন, সেক এসি (জিডি) | | | |
| (৩৫) | বিডি/৪৬১০১৬ সিঃওঃঅঃ মোঃ জসিম হোসেন তালুকদার, ফ্লাইট ইঞ্জ | | | |
| (৩৬) | বিডি/৪৬০৮৫৬ ওঃঅঃ এম আব্দুস সালাম, ইএন্ডআই ফিটার | | | |

২। সশস্ত্র বাহিনীতে বীরত্বপূর্ণ/সাহসিকতাপূর্ণ কাজের জন্য পদক, এককালীন অনুদান ও ভাতা প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৩ এর ধারা ৮(ক) অনুযায়ী এ অর্থ বিমান বাহিনীর উপযুক্ত বাজেট খাত/কোড হতে সংকুলান করা হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল করিম**
যুগ্মসচিব।

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৬ ফাল্গুন ১৪২১/১০ মার্চ ২০১৫

**নং প্রম/৪এমই-৯/পিআরএল/১১/ডি-১২/৯২**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনাধীন মিলিটারী ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ আতাহার উদ্দিন (ব্যক্তিগত নম্বর-৮০২৬২)-এর জন্ম তারিখ ০১-০৩-১৯৫৬ অনুযায়ী ২৮-০২-২০১৫ তারিখে তাঁর বয়স ৫৯ বছর পূর্ণ হয়েছে। ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১) (ii) বিধি এবং The Public Servants (Retirement) (Amendment) Act, 2010 এর অনুচ্ছেদ-৩ অনুযায়ী জনাব মোঃ আতাহার উদ্দিন-এর বয়স ৫৯ বছর পূর্তিতে তাঁকে ২৮-০২-২০১৫ তারিখ হতে অবসর প্রদান এবং ০১-০৩-২০১৫ হতে ২৯-০২-২০১৬ তারিখ পর্যন্ত ১(এক) বছরের অবসর উত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হল।

২। অর্থ বিভাগ হতে ৬ এপ্রিল ২০১০ তারিখে জারীকৃত অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী তিনি অবসর এবং পিআরএলকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হল।

তারিখ, ১ চৈত্র ১৪২১/১৫ মার্চ ২০১৫

**নং প্রম/৪এমই-৯/স্থায়ী/২০১৩/ডি-১২/৯৬**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনাধীন মিলিটারী ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর নিম্নবর্ণিত ১(এক) জন ১ম শ্রেণির কর্মকর্তার চাকুরি তাঁর বর্তমান পদে যোগদানের তারিখ থেকে সরকার স্থায়ী করেছে:

| ক্রঃ নং | নাম, ব্যক্তিগত নম্বর ও বর্তমান পদবী | বর্তমান পদে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| (১) | মোঃ রফিকুল আলম, ব্যক্তিগত নম্বর-৮০০৯০<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ০৯-০৩-২০১৪ | ০৯-০৩-২০১৪ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফেরদৌস হাসান**
মেজর
গবেষণা কর্মকর্তা।

---

## প্রজ্ঞাপন

তারিখ, ২ চৈত্র ১৪২১/১৬ মার্চ ২০১৫

**নং ১অবঃ-২/৯৮/ডি-১৩/অংশ/৫৯**—গুপ্তসংকেত পরিদপ্তরের সহকারী সাইফার কর্মকর্তা জনাব মোঃ লিয়াকত আলী-এর এসএসসি সার্টিফিকেট অনুযায়ী তাঁর জন্ম তারিখ ১২ মার্চ ১৯৫৬ খ্রিঃ। ১১ মার্চ ২০১৫ তারিখে তাঁর বয়স ৫৯ বৎসর পূর্ণ হয়েছে। এ পরিপ্রেক্ষিতে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১) বি (ii) বিধি, জাতীয় বেতনস্কেল ২০০৯ এর অনুচ্ছেদ ৬(৪) (ঘ), The Public Servants (Retirement) (Amendment) Act, 2013 (Act No. IX of 2013) এবং অর্থ বিভাগের ৬ এপ্রিল ২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী তাঁকে ১১ মার্চ ২০১৫ তারিখ থেকে অবসর প্রদান করা হল এবং ১২ মার্চ ২০১৫ থেকে ১১ মার্চ ২০১৬ তারিখ পর্যন্ত ১২(বার) মাস গড় বেতনে অবসর উত্তর (Post Retirement Leave) ছুটি মঞ্জুর করা হল।

২। তিনি অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আদেশ/সার্কুলার/নির্দেশনা অনুযায়ী অবসর এবং পিআরএলকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহ্‌ফুজা আখতার**
উপসচিব।

---

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৮ বৈশাখ ১৪২২/২১ এপ্রিল ২০১৫

**নং প্রম/প্রপ্রকক/চা-স্থায়ী/১০/ডি-১৮/১৩২**—The Civilian Personnel in the Directorate General of Forces Intelligence (Inteligence and Security) Recruitement Rules, 1984-এর অনুচ্ছেদ ৬(৩)(এ) এবং ৬(৪) অনুসারে প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে কর্মরত নিম্নোক্ত ১(এক) জন কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত তারিখ (৫ নম্বর কলামে বর্ণিত) থেকে উপ-পরিচালক পদে নির্দেশক্রমে চাকুরিতে স্থায়ী করা হলো :

| ক্রমিক নং | নাম, পদবী ও পরিচিতি নম্বর | পদোন্নতিপ্রাপ্ত পদ ও উক্ত পদে যোগদানের তারিখ | শিক্ষানবিসকাল উত্তীর্ণের তারিখ | উপ-পরিচালক পদে চাকুরিতে স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আকলাকুল আরেফিন<br>উপ-পরিচালক<br>পরিচিতি নম্বর-১১৪ | উপ-পরিচালক<br>ও<br>১৫ জুলাই ২০১২ | ১৪ জুলাই ২০১৩ | ১৫ জুলাই ২০১২ |

তারিখ, ১০ বৈশাখ ১৪২২/২৩ এপ্রিল ২০১৫

**নং প্রম/প্রপ্রকক/অভোঃছুঃ(নঅ)২০১৫/ডি-১৮/১৩৫**—প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ে চাকরিকালীন সিভিলিয়ান স্টাফ অফিসার-৩ জনাব সৈয়দ মাহবুবুর রহমান (পরিচিতি নম্বর-১৩৩) গত ১২ ডিসেম্বর ২০১৪ তারিখে মৃত্যুবরণ করেন। প্রচলিত বিধি অনুযায়ী মরহুমের সকল সরকারি পাওনা পরিশোধের জন্য তাঁর মাতা বেগম শামসুন নাহার আবেদন করেছেন।

২। প্রচলিত ছুটি বিধিমালা অনুযায়ী তাঁর মৃত্যুর তারিখ ১২ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত উক্ত কর্মকর্তা ০২ বছর ০৯ মাস ০৭ দিন গড়বেতনে ও ০১ বছর ০৫ মাস ১০ দিন অর্ধগড় বেতনে ছুটি প্রাপ্য। তাঁর প্রাপ্য অর্ধগড় বেতনের ছুটিকে গড়বেতনের ছুটিতে রূপান্তর করলে (০২ বছর ০৯ মাস ০৭ দিন + ০৮ মাস ২০ দিন) মোট ০৩(তিন) বছর ০৫ (পাঁচ) মাস ২৭ (সাতাশ) দিন গড়বেতনে তাঁর অনুকূলে ছুটি প্রাপ্য রয়েছে।

৩। এ অবস্থায়, মরহুমের মাতার আবেদন অনুযায়ী অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১ সেপ্টেম্বর ১৯৮৫ তারিখের অম/অবি/প্রবি-২/ছুটি-১৬/৮৪/১৯৩ সংখ্যক সরকারি আদেশ অনুসারে তাঁর মৃত্যুর তারিখ ১২ ডিসেম্বর ২০১৪-কে অবসর গ্রহণের তারিখ ধরে তাঁর অভোগকৃত ছুটি নগদায়নের লক্ষ্যে অনধিক ১২(বার) মাসের সর্বশেষ মূল বেতনের সমপরিমাণ অর্থ তাঁর উত্তরাধিকারী হিসেবে মনোনীত তাঁর মাতা বেগম শামসুন নাহারের অনুকূলে এককালীন (থোক) পরিশোধের জন্য মঞ্জুরী প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আহম্মদ**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ বৈশাখ ১৪২২/২৩ এপ্রিল ২০১৫

**নং ২৩.০০.০০০০.০৬০.৪৪.০২১.১৫-১৭৬**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ নৌবাহিনীর ১ম শ্রেণির নিম্নবর্ণিত ২(দুই) জন বেসামরিক কর্মকর্তাকে ১৫ এপ্রিল ২০১৫ তারিখে অনুষ্ঠিত ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তাগণের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটির সুপারিশক্রমে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত তারিখ থেকে টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ বেতনস্কেল (৯ম গ্রেড) থেকে টাকা ১৫০০০-৭০০×১৬-২৬২০০ বেতনস্কেলে (৭ম গ্রেড) সিলেকশন গ্রেড প্রদান করা হল :

| ক্রমিক নং | নাম, পদবি ও পি নং | ১ম শ্রেণির পদে নিয়োগ বা পদোন্নতির তারিখ | ১ম শ্রেণির পদে ৪ বছর পূর্তির তারিখ | বর্তমান বেতনস্কেল ও গ্রেড | সিলেকশন গ্রেড প্রাপ্তির তারিখ, স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|---|
| (১) | মোঃ সুলতান মাহমুদ (পি নং ০২৪৪) অ্যাসিস্টেন্ট নেভাল স্টোর অফিসার (এএনএসও) | ৩০ মার্চ ২০১০ | ২৯ মার্চ ২০১৪ | (১১০০০-২০৩৭০) ৯ম গ্রেড | ৩০ মার্চ ২০১৪ (১৫০০০-২৬২০০) ৭ম গ্রেড |
| (২) | মুকিতুর রহমান (পি নং ০২০৮) অ্যাসিস্টেন্ট নেভাল স্টোর অফিসার (এএনএসও) | ৩০ মার্চ ২০১০ | ২৯ মার্চ ২০১৪ | (১১০০০-২০৩৭০) ৯ম গ্রেড | ৩০ মার্চ ২০১৪ (১৫০০০-২৬২০০) ৭ম গ্রেড |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আবুল কালাম আজাদ**
যুগ্মসচিব।